



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (২য় সংশোধিত) প্রকল্প
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৮.০০.৯৬৬.১৬- ১৫৮


তারিখঃ ২৩/০৩/২০১৭ খ্রিঃ

জনাব এম এ বারী
হিসাব সহকারী (ইরেসপো)
বিআরডিবি, নড়াইল সদর, নড়াইল।

বিষয়ঃ কৈফিয়ত তলব প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাবীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের হিসাব সহকারী হিসেবে উপজেলার প্রকল্প কার্যক্রমের হিসাব সংক্রান্ত বিভিন্ন রেজিস্টার ও খাতাপত্র যথাযথভাবে লিখন ও সংরক্ষন এবং অনলাইন মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার নিয়মিতভাবে হালনাগাদ করা আপনার মূখ্য দায়িত্ব। কিন্তু প্রকল্প সদর দপ্তরের কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় নড়াইল সদর উপজেলায় আপনি দীর্ঘদিন যাবত অফিসের হিসাব সংক্রান্ত বিভিন্ন রেজিস্টার ও খাতাপত্র লিখেননি এবং অনলাইন মাইক্রোফাইন্যান্স সফটওয়্যার হাল নাগাদ করেন নি; যা দায়িত্ব পালনে চরম অবহেলা ও গাফিলতির সামিল। আপনার এ দায়িত্বে অবহেলার জন্য উপজেলায় মাঠ সংগঠক কর্তৃক বিপুল পরিমাণ অর্থ হস্তমজুদের ঘটনা সংঘটিত হয়; যার জন্য আপনি বহুলাংশে দায়ী বলে প্রতীয়মান হয়।

এমতাবস্থায়, দায়িত্বে অবহেলা ও গাফিলতির জন্য কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে বলা হলো।


মোহাম্মদ মহিদুর রশিদ আলম
উপ প্রকল্প পরিচালক
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ নড়াইল। ✓
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ নড়াইল সদর, জেলাঃ নড়াইল।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ নড়াইল সদর, জেলাঃ নড়াইল।
৫. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)। ✓
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।